GG–P.Sc.(B & E)

Question Paper No.
H6032284

2026

# PHYSICAL SCIENCE

**Time – 3 Hours 15 Minutes**

*(First Fifteen minutes for reading the question paper only)*

**Full Marks – 90**

*Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness, overwriting and bad handwriting.*

EduDues.com

## বিভাগ 'ক'

**(সমস্ত প্রশ্নের উত্তর করা আবশ্যিক)**

**১। বহু বিকল্প ভিত্তিক প্রশ্ন। প্রতিটি প্রশ্নের নীচে চারটি করে বিকল্প উত্তর দেওয়া আছে। যেটি ঠিক সেটি লেখো :** ১×১৫=১৫

১.১ নীচের কোন্ গ্যাসটি ওজোন স্তরে ওজোন ক্ষয়ে সহায়তা করে না ?

(a) CFC (b) $NO_2$

(c) $CO_2$ (d) NO

১.২ STPতে 11·2 L $NH_3$ গ্যাসের ভর হল —
[N = 14, H = 1]

(a) 17 g (b) 8·5 g

(c) 34 g (d) 11·2 g

১.৩ নীচের রাসায়নিক সমীকরণ অনুযায়ী
$CH_4 + 2O_2 \longrightarrow CO_2 + 2H_2O$,
5 মোল $CH_4$ সম্পূর্ণ দহন করতে STPতে কত আয়তন $O_2$ লাগবে ?

(a) 224 L (b) 448 L

(c) 44·8 L (d) 22·4 L

১.৪ তাপ পরিবাহিতাঙ্কের SI একক হল —

(a) ওয়াট·মিটার$^{-1}$ (b) ক্যালোরি·মিটার$^{-1}$

(c) ওয়াট·মিটার·কেলভিন (d) ওয়াট·মিটার$^{-1}$·কেলভিন$^{-1}$

GGPH6032284 GGPH6032284 GGPH6032284 GGPH6032284

১.৫ মানুষের সুস্থ চোখের ক্ষেত্রে দূরবিন্দুর অবস্থান হল —

(a) 25 cm দূরত্বে
(b) 100 cm দূরত্বে
(c) অসীম দূরত্বে
(d) 0 cm দূরত্বে

১.৬ যখন কোন আলোকরশ্মি কাচের ফলকে বা স্ল্যাবে উল্লম্বভাবে আপতিত হয়, তখন চ্যুতিকোণের মান হবে —

(a) 0°
(b) 90°
(c) 180°
(d) 30°

১.৭ কত সংখ্যক ইলেকট্রনের মোট আধান 1C ?

(a) $1{\cdot}6\times10^{19}$
(b) $6{\cdot}25\times10^{10}$
(c) $6{\cdot}25\times10^{18}$
(d) $6{\cdot}023\times10^{23}$

১.৮ তাপমাত্রা বৃদ্ধিতে রোধ হ্রাস পায় —

(a) তামার
(b) নাইক্রোমের
(c) কাচের
(d) সিলিকনের

১.৯ একটি ইলেকট্রনের ভর m হলে, একটি $\beta$-কণার ভর হল —

(a) m
(b) 2 m
(c) 3 m
(d) 4 m

১.১০ মৌলের পারমাণবিক সংখ্যা 19 হলে, আধুনিক পর্যায়সারণীতে মৌলটি কোন্ শ্রেণিতে অবস্থান করবে ?

(a) 1
(b) 2
(c) 18
(d) 9

১.১১ অ্যামোনিয়া শুষ্ককরণের জন্য ব্যবহৃত হয় —

(a) $CaCl_2$
(b) $CaO$
(c) $H_2SO_4$
(d) $P_2O_5$

EduDues.com

১.১২ নীচের কোন্ মৌলটি ডুরালুমিনে উপস্থিত থাকে না ?

(a) Al (b) Zn

(c) Cu (d) Mg

১.১৩ কপার সালফেটের জলীয় দ্রবণে অতিরিক্ত পরিমাণ জলীয় অ্যামোনিয়া যোগ করলে উৎপন্ন দ্রবণের রঙ কি হবে ?

(a) হলুদ (b) কমলা

(c) সবুজ (d) গাঢ় নীল

১.১৪ নীচের কোনটির তড়িৎ পরিবহন ক্ষমতা সর্বাধিক ?

(a) চিনির জলীয় দ্রবণের (b) বিশুদ্ধ জলের

(c) তরল হাইড্রোজেন ক্লোরাইডের (d) অ্যাসিটিক্ অ্যাসিডের জলীয় দ্রবণের

১.১৫ মিথেন অণুতে H–C–H বন্ধন কোণের মান হল —

(a) 109°28′ (b) 108°29′

(c) 100° (d) 180°

EduDues.com

## বিভাগ 'খ'

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : ১×২১=২১

২.১ বায়োগ্যাসের মূল উপাদানটির নাম লেখো। ১

**অথবা**

আমাদের শ্বাসক্রিয়ার সঙ্গে জড়িত এমন একটি গ্যাসের নাম লেখো যেটির পরিমাণ বায়ুমণ্ডলে বাড়লে বিশ্বউষ্ণায়ন ঘটে। ১

২.২ প্রাকৃতিক গ্যাসের তাপনমূল্য 50 $KJg^{-1}$ বলতে কি বোঝায় ? ১

২.৩ নীচের বিবৃতিটি সত্য না মিথ্যা লেখো :
একই উষ্ণতা ও চাপে সমআয়তন সকল গ্যাসে সমান সংখ্যক পরমাণু থাকে। ১

২.৪ আদর্শ গ্যাস ধ্রুবকের SI এককটি লেখো। ১

২.৫ নীচের বিবৃতিটি সত্য না মিথ্যা লেখো :
কোনো তরলের প্রকৃত প্রসারণ ওই তরলটি যে পাত্রে রাখা হয় তার প্রসারণের উপর নির্ভর করে। ১

**অথবা**

কোন পরিবাহীর দৈর্ঘ্য এবং প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল অপরিবর্তিত থাকলে ওই পরিবাহীর তাপীয় রোধ এবং তাপ পরিবাহিতার মধ্যে সম্পর্ক কি ? ১

২.৬ কোন্ বর্ণের আলোর বিক্ষেপণ সর্বনিম্ন ? ১

২.৭ একটি প্রাকৃতিক বর্ণালির উদাহরণ দাও। ১

২.৮ এমন একটি যন্ত্রের নাম লেখো যেখানে তড়িৎশক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়। ১

২.৯ 1 C তড়িৎ আধানকে 1 V বিভব প্রভেদের বিরুদ্ধে নিয়ে যেতে কত পরিমাণ কার্য করতে হবে ? ১

২.১০ ধনাত্মক আধানযুক্ত তেজস্ক্রিয় কণাটির নাম লেখো। ১

**অথবা**

পারমাণবিক চুল্লিতে কোন্ ধরণের নিউক্লীয় বিক্রিয়ার সাহায্যে শক্তি উৎপাদিত হয় ? ১

২.১১ বাম স্তম্ভের সঙ্গে ডান স্তম্ভের সামঞ্জস্য বিধান করো : ১×৪=৪

| বাম স্তম্ভ | ডান স্তম্ভ |
|---|---|
| ২.১১.১ সর্বাধিক তড়িৎ ঋণাত্মক মৌল | (a) Cu |
| ২.১১.২ রেড হেমাটাইট থেকে নিষ্কাশিত হয় | (b) Cl |
| ২.১১.৩ যে মৌলের অ্যানায়ন লোহার মরিচা পড়াকে ত্বরান্বিত করে | (c) F |
| ২.১১.৪ ধাতু সংকর পিতলে যে ধাতুটির শতকরা পরিমাণ অন্য ধাতুটির শতকরা পরিমাণ থেকে বেশি | (d) Fe |

২.১২ নীচের যৌগগুলির মধ্যে কোন্‌টি সমযোজী যৌগ ? পটাসিয়াম ক্লোরাইড, সোডিয়াম ব্রোমাইড, কার্বন টেট্রাক্লোরাইড। ১

২.১৩ গোল্ড প্লেটিং এর জন্য ব্যবহৃত তড়িদ্‌বিশ্লেষ্যটির নাম লেখো। ১

**অথবা**

কোনো তড়িদ্‌বিশ্লেষ্য পদার্থের জলীয় দ্রবণ তড়িদ্‌বিশ্লেষণের সময়ে ওই দ্রবণে কিসের মাধ্যমে তড়িতের পরিবহণ ঘটে ? ১

EduDues.com

২.১৪ তড়িদ্‌বিশ্লেষণে পরিবর্তী প্রবাহ ব্যবহার করা যায় না কেন ? ১

২.১৫ লেড নাইট্রেটের জলীয় দ্রবণে $H_2S$ গ্যাস চালনা করলে যে কালো রঙের অধঃক্ষেপ পড়ে তার সংকেত লেখো। ১


**অথবা**

শূন্যস্থান পূরণ করো :

$2\ NH_3 + CO_2 \longrightarrow$ ——— $+ H_2O$ ১

২.১৬ দুটি গ্যাসের রাসায়নিক বিক্রিয়ায় কঠিন পদার্থ উৎপন্ন হওয়ার রাসায়নিক সমীকরণটি লেখো। ১

২.১৭ নীচের জৈব যৌগটির IUPAC নাম লেখো। ১




**অথবা**

ইথানোয়িক অ্যাসিডের গঠন সংকেত লেখো। ১

২.১৮ PVC (পলিভিনাইল ক্লোরাইড) – এর একটি ব্যবহার লেখো। ১

## বিভাগ 'গ'

৩। **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) :** ২×৯=১৮

৩.১ স্থিতিশীল উন্নয়নের ধারণা কী ? ২

৩.২ 0°C তাপমাত্রায় থাকা নির্দিষ্ট পরিমাণ কোনো একটি গ্যাসকে উত্তপ্ত করা হল। যখন ঐ গ্যাসের চাপ এবং আয়তন উভয়ই আরম্ভকালের তুলনায় দ্বিগুণ বৃদ্ধি পায়, তখন ঐ গ্যাসের তাপমাত্রা কত ? ২

**অথবা**

2 g ভরের কোনো গ্যাস 7°C তাপমাত্রায় এবং 2 atm চাপে 820 ml আয়তন অধিকার করে। গ্যাসটির মোলার ভর নির্ণয় করো।
$[R = 0{\cdot}082\ L\ atm\ mole^{-1}\ K^{-1}]$ ২

EduDues.com

৩.৩ 1·5 প্রতিসরাঙ্ক বিশিষ্ট কাচের ফলকের বা স্ল্যাবের মধ্য দিয়ে একটি আলোকরশ্মির গতিবেগ কত হবে, নির্ণয় করো। [$c = 3 \times 10^8\ ms^{-1}$] ২

অথবা

একটি উত্তল লেন্স একটি বস্তুর 10 গুণ বিবর্ধিত প্রতিবিম্ব গঠন করে। যদি বস্তুটির দৈর্ঘ্য 5 cm হয় তবে প্রতিবিম্বের দৈর্ঘ্য নির্ণয় করো। ২

৩.৪ 5 Ω রোধ বিশিষ্ট কোন একটি তারের দৈর্ঘ্য টেনে 20% বৃদ্ধি করা হল। বৃদ্ধির পরে ঐ তারের আয়তন স্থির থাকলে এবং তারটির প্রস্থচ্ছেদ সর্বত্র সমান থাকলে, ঐ তারটির নতুন রোধ নির্ণয় করো। ২

৩.৫ তরল হাইড্রোজেন ক্লোরাইড তড়িৎ পরিবহনে সক্ষম নয় কিন্তু গলিত সোডিয়াম ক্লোরাইড তড়িৎ পরিবহনে সক্ষম — ব্যাখ্যা করো। ২

অথবা

একটি উপযুক্ত আয়নীয় যৌগের উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও যে এর আয়নগুলি অষ্টক নীতি মান্য করে না। ২

৩.৬ একটি কঠিন এবং একটি তরল সমযোজী যৌগের উদাহরণ দাও। ২

৩.৭ কিপ্ যন্ত্রের সাহায্যে প্রস্তুত করা যায় এমন একটি গ্যাসের নাম লেখো। গ্যাসটির প্রস্তুতির বিক্রিয়ার শমিত রাসায়নিক সমীকরণটি লেখো। ২

৩.৮ মুক্ত বায়ুতে তামার পাত্র সবুজ বর্ণ ধারণ করে কেন? ২

অথবা

তামার এবং পিতলের পাত্রে দীর্ঘ সময় দই ও টক স্বাদের ফল রাখা হয় না কেন তার দুটি কারণ লেখো। ২

৩.৯ $CH_3COOH$ — একটি জৈবযৌগ কিন্তু $NaHCO_3$ — জৈব যৌগ নয় কেন উভয় ক্ষেত্রে একটি করে কারণ লেখো। ২

অথবা

ইথিলিন-এর গঠন সংকেতের সাহায্যে দেখাও যে এটি একটি অসম্পৃক্ত হাইড্রোকার্বন। ২



EduDues.com

বিভাগ 'ঘ'

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) : ৩×১২=৩৬

৪.১ চার্লসের সূত্রটি লেখো এবং ব্যাখ্যা করো। চার্লসের সূত্র থেকে সেলসিয়াস স্কেলে পরম শূন্যের মান নির্ণয় করো। ১+২

৪.২ 216 g HgO কে উত্তপ্ত করে যে পরিমাণ অক্সিজেন পাওয়া যায়, সেই পরিমাণ অক্সিজেন পেতে কী পরিমাণ $KClO_3$ কে উত্তপ্ত করতে হবে ?
[Hg = 200, K = 39, Cl = 35·5, O = 16] ৩

**অথবা**

কোনো ধাতব কার্বনেটের 200 g উত্তপ্ত করলে 112 g ধাতব অক্সাইড এবং একটি গ্যাসীয় যৌগ উৎপন্ন হয়। গ্যাসীয় যৌগটির বাষ্প ঘনত্ব 22। বিক্রিয়াটিতে কত মোল গ্যাসীয় যৌগটি উৎপন্ন হয় ? ৩

৪.৩ লোহার দৈর্ঘ্য প্রসারণ গুণাঙ্ক $12\times10^{-6}/^\circ C$ – ব্যাখ্যা করো। তাপ প্রয়োগে তরলের আয়তন প্রসারণের একটি উদাহরণ দাও। ২+১

**অথবা**

তরলের আপাত প্রসারণ গুণাঙ্ক এবং তরলের প্রকৃত প্রসারণ গুণাঙ্কের সংজ্ঞা দাও। তাদের মধ্যে সম্পর্কটি লেখো। ২+১

৪.৪ উত্তল দর্পণের ক্ষেত্রে বক্রতা ব্যাসার্ধ (r) এবং ফোকাস দৈর্ঘ্য (f) এর মধ্যে সম্পর্কটি প্রতিষ্ঠা করো। অবতল দর্পণের একটি ব্যবহার লেখো। ২+১

**অথবা**

একই আপতন কোণের জন্য তিনটি ভিন্ন মাধ্যম A, B এবং C এর প্রতিসরণ কোণ যথাক্রমে 30°, 45° এবং 60°। কোন্ মাধ্যমটিতে আলোর গতিবেগ সর্বনিম্ন এবং কেন ? ৩

৪.৫ হ্রস্ব দৃষ্টি বা মায়োপিয়া ঘটার দুটি কারণ লেখো। এর প্রতিকারে কোন্ ধরণের লেন্স ব্যবহার করা হয় ? ২+১

৪.৬ দুটি পরিবাহীকে শ্রেণিসমবায়ে যুক্ত করলে তুল্য রোধ হয় 25 Ω, এবং সমান্তরাল সমবায়ে যুক্ত করলে তুল্য রোধ হয় 6 Ω। প্রতিটি পরিবাহীর রোধ নির্ণয় করো। ৩

**অথবা**

প্রতি B.O.T একক তড়িৎ শক্তির খরচ 5 টাকা। 10টি 50 W বাল্ব্ প্রতিদিন 10 ঘন্টা করে ব্যবহার করলে, 30 দিনের এক মাসে তড়িৎশক্তি ব্যবহারের মোট খরচ কত হবে, তা নির্ণয় করো। ৩

EduDues.com

৪.৭ সমপ্রবাহ অপেক্ষা পরিবর্তী প্রবাহ ব্যবহারের যে কোনো দুটি সুবিধা উল্লেখ করো। জলবিদ্যুৎ উৎপাদন তাপবিদ্যুৎ উৎপাদন অপেক্ষা বেশি পরিবেশ বান্ধব কেন ? ২+১

৪.৮ নিউক্লীয় বিভাজন ব্যাখ্যা করো। নিউক্লীয় বিভাজন নিউক্লীয় সংযোজনের জন্য অপরিহার্য কেন ? ২+১

৪.৯ মৌলের তড়িৎঋণাত্মকতা বলতে কী বোঝায় ? দীর্ঘ পর্যায় সারণিতে গ্রুপ। মৌলগুলির তড়িৎঋণাত্মকতা গ্রুপের ওপর থেকে নীচের দিকে কী ধরণে পরিবর্তিত হয় ? ২+১

অথবা

মোজলের পরীক্ষার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তটি কী ? পর্যায় সারণির ক্ষেত্রে এই সিদ্ধান্তের গুরুত্ব কী ? ২+১

৪.১০ তড়িৎ বিশ্লেষণের সাহায্যে অ্যালুমিনিয়ামের নিষ্কাশনের জন্য যে গলিত মিশ্রণের তড়িৎ বিশ্লেষণ করা হয় তাতে বিশুদ্ধ অ্যালুমিনা ছাড়া আর কী কী পদার্থ থাকে ? এই তড়িৎ বিশ্লেষণে ক্যাথোড ও অ্যানোড হিসাবে কী কী ব্যবহৃত হয় ? ২+১

৪.১১ অ্যামোনিয়াকে বায়ুর অক্সিজেন দ্বারা জারণ ঘটিয়ে কীভাবে নাইট্রিক অক্সাইড উৎপাদন করা হয় তা অনুঘটকের নাম ও বিক্রিয়ার শর্ত উল্লেখসহ লেখো। বিক্রিয়াটি শমিত রাসায়নিক সমীকরণসহ লেখো। ২+১

৪.১২ অ্যাসিটিলিনের সঙ্গে হাইড্রোজেনের যুত বিক্রিয়ার শমিত রাসায়নিক সমীকরণ লেখো এবং বিক্রিয়ার যে কোনো দুটি শর্ত উল্লেখ করো। ৩

অথবা

অ্যাসিটিক অ্যাসিডের সঙ্গে সোডিয়াম বাইকার্বনেটের বিক্রিয়ার শমিত রাসায়নিক সমীকরণ লেখো। প্যাকেজিং এ ব্যবহারের জন্য পাট ও পলিথিনের মধ্যে কোনটি পরিবেশ বান্ধব এবং কেন ? ২+১

EduDues.com